বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নং সংস্থা/ব-৫৯/রে-৩৩৭১ তারিখ : ১৪ নভেম্বর ২০২৬

আবশ্যক

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে এই বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে ঃ

শিক্ষক পদ

১। **তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগ**
(ক) সহযোগী অধ্যাপক-এর ১টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳: ১০০০০০ - ১৪২৪০০/-
(খ) সহকারী অধ্যাপক-এর ৩টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳: ৭১০০০-১৩৪০০০/-

২। **যন্ত্রকৌশল বিভাগ**
সহযোগী অধ্যাপক-এর ১টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳: ১০০০০০ - ১৪২৪০০/-

৩। **বস্ত্র ও ধাতব কৌশল বিভাগ**
সহকারী অধ্যাপক -এর ১টি অস্থায়ী পদ (সহযোগী অধ্যাপক পদের বিপরীতে)। বেতন স্কেল ৳: ৭১০০০-১৩৪০০০/-

৪। **ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগ**
সহকারী অধ্যাপক-এর ২টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳: ৭১০০০-১৩৪০০০/-

৫। **স্থাপত্য বিভাগ**
(ক) সহকারী অধ্যাপক-এর ২টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳: ৭১০০০-১৩৪০০০/-
(খ) লেকচারার-এর ২টি অস্থায়ী পদ। বেতন স্কেল ৳: ৪৪০০০-১০৫৯০০/-

৬। **পদার্থবিজ্ঞান বিভাগ**
সহকারী অধ্যাপক-এর ১টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳: ৭১০০০-১৩৪০০০/-

৭। **কেমিকৌশল বিভাগ**
লেকচারার-এর ১টি অস্থায়ী পদ। বেতন স্কেল ৳: ৪৪০০০-১০৫৯০০/-

৮। **মানবিক বিভাগ**
লেকচারার (একাউন্টিং)-এর ১টি অস্থায়ী পদ । বেতন স্কেল ৳: ৪৪০০০-১০৫৯০০/-

উল্লিখিত পদসমূহের আবেদনপত্র জমাদানের শেষ তারিখ: ০৬/১২/২০২৬

সকল পদের জন্য প্রযোজ্য : এই বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত (REG-1) ফরমে সকল অতীত ও বর্তমান চাকরির পদমর্যাদা, বেতন স্কেল ও তারিখ উল্লেখপূর্বক ১৭ সেট আবেদনপত্র রেজিস্ট্রার-এর বরাবর জমা দিতে হবে। তন্মধ্যে ১ সেটের সাথে ৩ কপি সত্যায়িত ছবি এবং কম্পট্রোলার BUET-এর অনুকূলে উক্ত পদসমূহে আবেদনের জন্য ৳: ৬০০/- (ছয়শত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অথবা কম্পট্রোলার অফিস কর্তৃক প্রদত্ত নির্ধারিত জমা রশিদের মাধ্যমে সোনালী ব্যাংক বুয়েট শাখায় নগদ টাকা জমা প্রদানপূর্বক, টাকার রশিদ সংযুক্ত করতঃ প্রত্যেক সেটের সাথে আবেদনপত্র/Forwarding Letter-সহ সকল সার্টিফিকেট, টেস্টিমোনিয়েল, ট্রান্সক্রিপ্ট/মার্কশীট, অভিজ্ঞতার সনদ এবং NID-এর সত্যায়িত কপি (সকল কাগজপত্র বাঁধাইকৃত সেট) সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ, ভুল তথ্যসম্বলিত এবং ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

বিদেশী ডিগ্রিধারী প্রার্থীগণের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ/অফিস কর্তৃক যথানিয়মে ইকুয়্যিভ্যালেন্স সম্পাদন সাপেক্ষে আবেদনপত্র প্রসেস করা হবে। আবেদনের জন্য নির্ধারিত ফরম (REG-1) এবং শিক্ষক পদের RQ এই বিশ্ববিদ্যালয়ের Website (regoffice.buet.ac.bd)-এর download page হতে সংগ্রহ করা যাবে। সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার যাতায়াত বা দৈনিক ভাতা দেয়া হবে না। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে এই নিয়োগ প্রক্রিয়া গ্রহণ/বাতিল/পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। চাকুরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

রেজিস্ট্রার

নং সংস্থা/ব-৫৯/রে-৩৩৭১(৭০) তারিখ : ১৪ নভেম্বর ২০২৬

বিতরণ (প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ) :

১। ডিন, সকল অনুষদ, বা.প্র.বি., ঢাকা।
২। সকল বিভাগীয় প্রধান/পরিচালক/অফিস প্রধান/হল প্রভোস্ট, বা.প্র.বি., ঢাকা।
৩। পরিচালক, বুয়েট-আই.সি.টি সেল, বা.প্র.বি., ঢাকা।-(বিজ্ঞপ্তিটি Website-এ দেয়ার ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৪। সিনিয়র প্রোগ্রামার গ্রেড-১, রেজিস্ট্রার অফিস, বা.প্র.বি., ঢাকা।-(বিজ্ঞপ্তিটি Website-এ দেয়ার ব্যবস্থা গ্রহণের জন্য)।